



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং প্রশাসন/১৭৯

তারিখ: ১৭/০৬/২০১৯

বিষয়: বোর্ডকর্তৃক নির্ধারিত ইআইআইএন/প্রতিষ্ঠান ভিত্তিক অফিশিয়াল মোবাইল সিম সংগ্রহ প্রসঙ্গে।

সূত্র: গ্রামীণফোনের সাথে ১৪ মার্চ, ২০১৯ তারিখে স্বাক্ষরিত চুক্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানপ্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সকল বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সংগে শিক্ষা মন্ত্রণালয় ও এর বিভিন্ন সংস্থার (যেমন; মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বিভিন্ন শিক্ষা বোর্ড, ব্যানবেইজ ইত্যাদি) সাথে জরুরি যোগাযোগ সহজিকরণ ও বিভিন্ন অনলাইন সেবা দ্রুত ও সাশ্রয়ী করার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের ইআইআইএন এর ৬ ডিজিট ব্যবহার করে বিনামূল্যে অফিশিয়াল মোবাইল সিম সরবরাহ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ঢাকা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে সংযুক্ত শিডিউল অনুযায়ী মোবাইল সিম বিতরণ করা হবে। এ সম্পর্কিত করণীয় ও সিম ব্যবহারের উল্লেখযোগ্য কিছু সুবিধা/অসুবিধা নিম্নে উল্লেখ করা হল:

- ১। স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধান বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির নিকট সিম সরবরাহ করা হবে।
- ২। মোবাইল নম্বরটির নমুনা: ০১৩০৭XXXXXX (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN) যার সাহায্যে খুব সহজে ও সাশ্রয়ী রেটে সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করা যাবে।
- ৩। বোর্ডের সকল ধরনের যোগাযোগ যেমন, প্রতিষ্ঠানের পাসওয়ার্ড বা যেকোনো ধরনের টেক্সট, অডিও বা ভিডিও মেসেজ, পরীক্ষার সময় জরুরি যোগাযোগ এ সিমের মাধ্যমে করা হবে বিধায় সবসময় সিমটি সচল রাখতে হবে।
- ৪। প্রদত্ত সিমযুক্ত মোবাইল সেটটি কোনভাবেই হস্তান্তর করা যাবে না, বোর্ডের যেকোনো প্যানেলে কাজ করতে হলে এ সিমযুক্ত মোবাইলে (OTP-one time password) পাসওয়ার্ড প্রদান করা হবে যা ব্যবহার করে রেজিস্ট্রেশন, ফরম-ফিলাপ, ব্যবহারিক নম্বর প্রদান ইত্যাদি কাজ করতে হবে।
- ৫। এ সিম ব্যবহার করে ১%-২% সার্ভিস চার্জ দিয়ে ছোট ছোট ফিসগুলো প্রদান করা যাবে।
- ৬। প্রতিষ্ঠানপ্রধান কর্তৃক অনুমোদিত অন্যান্য গ্রামীণ সিমগুলোও একই সাশ্রয়ী প্যাকেজে মাইগ্রেশন করতে পারবে।
- ৭। শুরুতেই সিম গ্রহণ করার সময় ২০০/- (দুইশত টাকা) মাত্র টাকার বিভিন্ন সুবিধাসহ একটি বাল্ডেল অফার থাকবে যা সকলকেই সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- ৮। অতি শীঘ্রই বোর্ডের অনলাইন প্যানেলের সাথে এই সিম যুক্ত হবে বিধায় সিম পাওয়ার পরপরই তা সচল করতে হবে,
- ৯। এছাড়াও বিভিন্ন সময় প্রদত্ত সিমের মাধ্যমে জরুরি মেসেজ দেয়া হবে বিধায় সবসময়ই মেসেজ চেক করতে হবে।

জেলাওয়ারী বিতরণের তারিখ:

ক্রমিক	জেলার নাম	বিতরণের তারিখ
০১।	ফরিদপুর, জামালপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, নরসিংদী, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা ও মানিকগঞ্জ।	২৫/০৬/২০১৯
০২।	ঢাকা মহানগর, ঢাকা জেলা, মুন্সিগঞ্জ, মাদারীপুর, নারায়ণগঞ্জ, টাংগাইল, শরীয়তপুর ও গাজীপুর।	২৬/০৬/২০১৯

প্রতিষ্ঠানপ্রধানসহ সংশ্লিষ্ট সকলকে এ কাজে সার্বিক সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

প্রফেসর তপন কুমার সরকার

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।